342

দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 15 1999 ...
পৃষ্ঠা 2 কলাম 8 ......

# সত্যেন বসুর নামে ঢাঃ বিঃ হলের নামকরণ দাবি

নারায়ণগঞ্জ প্রতিনিধি ঃ বিজ্ঞানী স্যার আইজ্যাক নিউটন ও বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসুর জন্মদিন উপলক্ষে গতকাল বৃহস্পতিবার শহরের শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় ২৪-এর অডিটোরিয়ামে সেমিনারের আয়োজন করা হয়।

বসু বাংলাদেশের মাটিতে ঢাকায় বসে বোস-আইনস্টাইন তথ্যের মধ্যে বিখ্যাত তথ্য প্রদান করেছেন। অথচ ঢাকা বিশ্ববিদ্যালয় তার স্মৃতিময় বাড়িটি ভেঙে এনএক্স ভবন তৈরি করেছে। বক্তারা বসুর নামে একটি হলের নামকরণের দাবি জানান।

মৌলিক জ্ঞান চর্চা ও অর্জিত জ্ঞান সাধারণের মধ্যে ছড়িয়ে দেয়ার কাজে নিয়োজিত সংস্থা "ডিসকাশন প্রজেক্ট" এ সেমিনারের আয়োজন করে। সেমিনারটি দুপর্বে বিভক্ত ছিল প্রথম পর্বে নিউটনের জীবনী নিয়ে প্রবন্ধ পাঠ করেন কবির বিটু। দ্বিতীয় পর্বে বোস-আইনস্টাইন তত্ত্বের জনক বাংলার বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসুর জীবনী নিয়ে প্রবন্ধ পাঠ করেন ফরহাদ আহমেদ জেনিথ। সত্যেন্দ্রনাথ বসু ও ঢাকা বিশ্ববিদ্যালয় শীর্ষক প্রবন্ধ পাঠ করেন শরীফ উদ্দিন সবুজ। নিউটনের মহাকর্ষ তত্ত্ব ও সত্যেন বোসের কাজ নিয়ে বক্তব্য রাখেন দেশে দর্শনীর বিনিময়ে বিজ্ঞান বক্তৃতার প্রবর্তক আসিফ।

খালেদা ইয়াসমিন ইতির উপস্থাপনায় সেমিনারে বক্তারা জানান, আইনস্টাইনের তত্ত্ব, নিউটনের তত্ত্বকে ভুল প্রমাণিত করেছে এ ধরনের প্রচারণা ঠিক নয়। আইনস্টাইন ও নিউটনের তত্ত্বের মধ্যে ব্যবধান খুব সামান্য।